

স্মারক নং - ৩৪.০১.৫১০০.৩৭.০২৮.১৩- ১০৪

ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী বেকার যুবক/ যুব নারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতামূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর, লক্ষ্মীপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রে নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে লক্ষ্মীপুর জেলার শিক্ষিত যুবক ও যুব নারীদের নিকট হতে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	ট্রেডের নাম	প্রশিক্ষণের মেয়াদ	ভর্তি ফি	প্রশিক্ষণ ভাতা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ	মৌখিক পরীক্ষার তারিখ
০১	কৃষি ও হটিকালচার বিষয়ক প্রশিক্ষণ কোর্স, (আবাসিক) আসন সংখ্যা- ৫০	০১ নভেম্বর/২০২৩ হতে ৩০ নভেম্বর/২০২৩ পর্যন্ত ০১ মাস	ভর্তি ফি ১০০/- (অফেরতযোগ্য) এবং জামানত ১০০/- (ফেরতযোগ্য)	প্রতিমাসে জন প্রতি ৪,৫০০/- টাকা উপস্থিতি ভিত্তিতে	অষ্টম শ্রেণি	২৬/১০/২০২৩	৩০/১০/২০২৩

**** দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি :**

- ক) বর্ণিত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স ১৮-৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুব নারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- খ) যুব সংগঠন কর্তৃক মনোনীত প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- গ) অনলাইন থেকে/ নির্ধারিত আবেদন ফরমে (১) পূর্ণ নাম (বাংলা ও ইংরেজী) (২) পিতার নাম(বাংলা ও ইংরেজী) (৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (৪) জন্ম তারিখ (৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (৬) জাতীয় পরিচয় পত্রের নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র (৭) বর্তমান ঠিকানা (৮) স্থায়ী ঠিকানা(৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেডার/লিঙ্গ (১২) মোবাইল নম্বর (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতোপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম (১৬) ভবিষ্যৎ পরিকল্পনা/ প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।
- ঘ) প্রার্থীকে অবশ্যই বেকার হতে হবে এবং আত্মকর্ম করে স্বনির্ভর হওয়ার জন্য সচেষ্ট থাকতে হবে।
- ঙ) ভর্তির জন্য নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েবসাইট থেকে অথবা উপপরিচালক/ডেপুটি কো- অর্ডিনেটর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় হতে সংগ্রহভাবে পুরনপূর্বক সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে দাখিল করতে হবে।
- চ) আবেদনপত্রের সাথে (১) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়াছবি (২) জাতীয় পরিচয়পত্র(NID)(যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর কমিশনার/জন্ম নিবন্ধন সনদপত্র (৩) সদ্য তোলা ০২কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। নির্বাচনী/মৌখিক পরীক্ষার সময় মূলসনদ প্রদর্শন করতে হবে।
- ছ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্দিষ্ট সময়ে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি.এ /ডি.এ দেয়া হবে না।
- জ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**** প্রশিক্ষণের শর্তাবলী :**

- (ক) ভর্তির সময় ভর্তি ফি ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) এবং জামানত হিসেবে ১০০/- (একশত) টাকা (ফেরতযোগ্য) কেন্দ্রে জমা দিতে হবে, সমাপনী দিবসে জামানত ফেরত দেয়া হবে।
- (খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকাসহ কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলাতে হবে।


(জসীম উদ্দীন আহাম্মদ খান)
উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, লক্ষ্মীপুর।
e-mail- ddlakshmipur@dyd.gov.bd
তারিখঃ ০২/১০/২০২৩ খ্রিঃ।


স্মারক নং - ৩৪.০১.৫১০০.৩৭.০২৮.১৩- ১০৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
০৩। পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলাপরিষদ.....লক্ষ্মীপুর।
০৫। জেলা অফিসার, লক্ষ্মীপুর।
০৬। উপজেলা নির্বাহী অফিসার , লক্ষ্মীপুর।
০৭। ডেপুটি কো- অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, লক্ষ্মীপুর।
০৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,.....লক্ষ্মীপুর।(আপনাকে নির্ধারিত কোটা অনুযায়ী নির্বাচিত প্রশিক্ষণার্থীদের আবেদনপত্রসহ তালিকা ২৫/১০/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
০৯। অফিস কপি / গার্ড ফাইল/ নোটিশ বোর্ড।

বিঃ দ্রঃ প্রশিক্ষণার্থী প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত কোটা অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

- (ক) সদর- ১৮ (খ) রামগতি- ০৮ (গ) রায়পুর- ০৮ (ঘ) রামগঞ্জ-০৮ (ঙ) কমলনগর- ০৮।


(মোঃ হাব্বুন-অর-রশিদ)
সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, লক্ষ্মীপুর।